তারিখ 02 JAN 1990
পৃষ্ঠা ৪ কলাম ৮

দৈনিক সংবাদ

## পাঠ্য বই বহির্ভূত জুনিয়র বৃত্তি পরীক্ষার প্রশ্নপত্র

গত ২৪-১২-৮৯ তারিখে অনুষ্ঠিত ঢাকা বিভাগের জুনিয়র বৃত্তি পরীক্ষার "অংক ও বিজ্ঞান" বিষয় পরীক্ষার প্রশ্নপত্রে ৮ম শ্রেণীর পাঠ্যপুস্তক বহির্ভূত প্রশ্নপত্র প্রণয়ন করা হয়েছে। যেমন বৃত্তি পরীক্ষার পাটিগণিতের ১নং সরল অংকটি দশম শ্রেণীর পাটিগণিতের ১-২ অনুশীলনীর ৭নং অংক, বৃত্তি পরীক্ষার ৬ নং উৎপাদকটি দশম শ্রেণীর বীজগণিতের ৩-৩-এর অনুশীলনী ১৭ নং অংক, বৃত্তি পরীক্ষার ৭(ক) নং সমাধানটি দশম শ্রেণীর বীজগণিতের ৭·৩ অনুশীলনীর ১৪ নম্বর অংক, ৮ (খ) নং জ্যামিতিটি ও দশম শ্রেণীর জ্যামিতি বই-এর অনুশীলনী ২·১-এর ১০ নং। উল্লেখ্য প্রশ্নপত্র যিনি/যাঁরা রচনা করেন তাকে তাদেরকে অংক বিষয়ে এ মর্মে অবহিত করা হয় যেন কোন অংকই পাঠ্য পুস্তক বহির্ভূত না হয়। ৮ম শ্রেণীর বৃত্তি পরীক্ষায় দশম শ্রেণীর অংক সংযোজন করার ফলে ভালভাল ছাত্র-ছাত্রীরা সম্পূর্ণ বই করায়ত্ত করে ও প্রশ্নপত্র হাতে পেয়ে নতুন অংক দেখে ঘাবড়িয়ে যায়। যার ফলশ্রুতিতে নতুন অংক কষতে গিয়ে বাকী অংকও বিজ্ঞান প্রশ্নের উত্তর যথাসময়ে সম্পন্ন করতে অপারগ হয়।

এতএব যথাযথ কর্তৃপক্ষের নিকট আমার এই প্রার্থনা যে, উপরোক্ত প্রশ্নের যাচাই করতঃ এর আশু প্রতিকার করে ছাত্র-ছাত্রীদের কৃতজ্ঞতাভাজন হবেন।

(বিঃ দ্রঃ পাটিগণিতের ৩নং অংক এবং জ্যামিতির ৯ (খ) নং অংকটিও ৮ম শ্রেণীর পাঠ্যপুস্তক বহির্ভূত।

আবুল হোসেন মিয়া,
শিক্ষক,
আহমেদ বাওয়ানী একাডেমী
ঢাকা।